

# 💵 সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ৮১

### আরবী

#### বাংলা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সবসময় যে তরবারি ব্যবহার করতেন, তাঁর নাম ছিল যুলফিকার বা যুলফাকার। এ ছাড়াও রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর আরো কয়েকটি তরবারি ছিল। সেগুলো হলো,

- ১. আল মাসূর (উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত) ৷[1]
- ২. আল কাষীব (মারাত্মক ধারাল)।
- ৩. আল বাত্তার (সর্বাধিক কর্তনকারী)।
- ৪. আল লাহীফ (বেষ্টনকারী)।

৮১. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তরবারির বাটের অগ্রভাগ ছিল রৌপ্যের দ্বারা তৈরিকৃত।[2]

## **English**

Hazrat Anas radiyallahu anhu reports that the handle of the sword of the Prophet of Allah sallallahu alaihe wasallam was made of silver.

### ফুটনোট

[1] এটি তিনি পিতার উত্তরাধিকারসূত্রে লাভ করেন। এ তরবারিটি তাঁর প্রথম তরবারী ছিল।



[2] আবু দাউদ, হা/২৫৮৫; সুনানে কুবরা লিল বায়হাকী, হা/৭৮২০।

#### ব্যাখ্যা

উল্লেখিত তরবারীটি ছিল যুলফিকার। মক্কা বিজয়ের দিন এটা রাসূলুল্লাহ (সাঃ) এর সাথে ছিল।

Allamah Bayjuri writes, about the sword named 'Dhulfiqaar', "At the time of conquering Makkah, the Prophet of Allah sallallahu alaihe wasallam had this sword."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন